



চট্টগ্রাম সিটি কর্পোরেশন জনসংযোগ শাখা প্রেস বিজ্ঞপ্তি

চট্টগ্রাম-১৮ ডিসেম্বর ২০১৭ খ্রি.

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন পরিবারের সদস্যদের নিয়ে ইউরোপের ৭টি দেশ ভ্রমণের উদ্দেশ্যে চট্টগ্রাম ছাড়লেন ভারপ্রাপ্ত মেয়র এর দায়িত্ব পেলেন নিছার উদ্দিন আহমদ মঞ্জু

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন পরিবারের সদস্যদের নিয়ে ব্যক্তিগত সফরে ইউরোপের তুর্কি, নেদারল্যান্ড, সুইজারল্যান্ড, স্লোভানিয়া, অস্ট্রিয়া, জার্মানী ও ফ্রান্সসহ ৭টি দেশ ভ্রমণ করার উদ্দেশ্যে ১৮ ডিসেম্বর ২০১৭ খ্রি. চট্টগ্রাম ত্যাগ করেন। তিনি সপরিবারে বিকেল ৪ টা ১০ মিনিটে ইউএস বাংলা বিমান যোগে চট্টগ্রাম ত্যাগ করেন। মেয়র ১৯ ডিসেম্বর ভোর রাত ৪৫ মিনিটের সময় আমিরাত এয়ারলাইনস (Emirates Airline Boeing 777-300ER JET) যোগে দুবাই এর উদ্দেশ্যে ঢাকা শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর ত্যাগ করবেন। মেয়র আ জ ম নাছির উদ্দীন ২ জানুয়ারি ২০১৮ খ্রি. রাত ১১ টায় একই বিমান যোগে ঢাকা শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দরে পৌঁছবেন বলে আশা করা যাচ্ছে। সিটি মেয়র আ জ ম নাছির উদ্দীনের বিদেশ সফর কালীন সময় ভারপ্রাপ্ত মেয়র পদে দায়িত্ব পালন করবেন প্যানেল মেয়র-৩ নিছার উদ্দিন আহমদ মঞ্জু।

চট্টগ্রাম-১৮ ডিসেম্বর ২০১৭ খ্রি.

নগরীর ৬ নং ওয়ার্ডে ১ কোটি ৬ লক্ষ টাকা ব্যয়ে নির্মিত খাজা রোড উন্নয়নের কাজ এবং ৯৮ লক্ষ টাকা ব্যয়ে ২৮নং পাঠানটুলী ওয়ার্ডে নির্মিত কাকুরিয়া পাড়া নজির ভান্ডার লেইনের সমাপ্ত উন্নয়ন কাজের উদ্বোধন করলেন মেয়র আ জ ম নাছির উদ্দীন

১৭ ডিসেম্বর ২০১৭ খ্রি. রবিবার, সকালে চট্টগ্রাম নগরীর ৬নং পূর্ব ষোলশহর ওয়ার্ডে এডিপি প্রকল্পভুক্ত ১ কোটি ৬ লক্ষ টাকা ব্যয়ে নির্মিত খাজা রোডের লট-১ এর উন্নয়ন কাজ ফলক উন্মোচন এবং ১৮ ডিসেম্বর ২০১৭ খ্রি. সোমবার, সকালে ৯৮ লক্ষ টাকা ব্যয়ে ২৮নং পাঠানটুলী ওয়ার্ডে নির্মিত কাকুরিয়া পাড়া নজির ভান্ডার লেইনের সমাপ্ত উন্নয়ন কাজের শুভ উদ্বোধন করেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন। তিনি ফলক উন্মোচন ও মুনাজাতের মধ্য দিয়ে সড়ক উন্নয়নের কাজগুলো উদ্বোধন করেন। এ সময় স্থানীয় ৬নং ওয়ার্ড কাউন্সিলর এম.আশরাফুল আলম, ২৮নং

ওয়ার্ড কাউন্সিলর মো. আবদুল কাদের, ২৪নং ওয়ার্ড কাউন্সিলর নাজমুল হক ডিউক, আওয়ামীলীগ নেতা সামসুল আলম, হুমায়ুন কবির, মো. ইসহাক, আবুল কালাম, নুরুল ইসলাম, কবি খুরশীদ আনোয়ার, জাহেদ আহমেদ, ওবায়দুল কবির মিন্টু, শাহাজাদা সৈয়দ নঈমুল হুদা, প্রবীর বড়-য়া, সম্পদ বড়ুয়া, চট্টগ্রাম সিটি কর্পোরেশনের নির্বাহী প্রকৌশলী বিপ্লব দাশ, আহমেদুল হক, সহকারী প্রকৌশলী আবু সিদ্দিক, মুজিবুল হায়দার, উপ সহকারী প্রকৌশলী রামেশ্বর চৌধুরী, মফিজুল ইসলামসহ স্থানীয় আওয়ামীলীগ, আওয়ামী যুবলীগ ও ছাত্রলীগের বিভিন্ন স্তরের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। এডিপি প্রকল্পভুক্ত এ সকল উন্নয়ন কাজের ফলক উন্মোচন শেষে সুধী সমাবেশে মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেন, চলতি অর্থ বছরে এডিপিভুক্ত ৭১৬ কোটি টাকা প্রকল্পের অধীনে এবং ১২০ কোটি টাকা এডিপির প্রকল্পের অধীনে এবং সরকার, জাইকা ও বিএমডিএফ এর ফান্ডের আওতায় নগরীতে ব্যাপকহারে উন্নয়ন কাজ চলমান রয়েছে। আরো অসংখ্য উন্নয়ন কাজের প্রকল্প অনুমোদনের অপেক্ষায় রয়েছে। তিনি বলেন, সরকার ও উন্নয়ন সহযোগীদের সহায়তায় তার মেয়াদের মধ্যে নগরীর সকল সড়ক পাকা সড়কে উন্নিত হবে এবং নগরীর অলি-গলি সর্বত্র আলোকিত করা হবে। চট্টগ্রাম বাসপোযোগী নান্দনিক শহর হিসেবে গড়ে উঠবে। তিনি তার সেবা ও উন্নয়নমুখী সকল কাজের নগরবাসীর সহযোগিতা কামনা করেন।

চট্টগ্রাম-১৮ ডিসেম্বর ২০১৭ খ্রি.

কাউন্সিলর হাবিবুল হক এর মৃত্যুতে সিটি মেয়রের শোক

৩৬নং গোসাইলডাঙ্গা ওয়ার্ডের কাউন্সিলর হাবিবুল হক ব্যাংককে চিকিৎসাধীন অবস্থায় আজ ১৮ ডিসেম্বর ২০১৭ খ্রি. রবিবার বাংলাদেশ সময় আনুমানিক দুপুর ২ টায় হৃদযন্ত্রের ক্রিয়া বন্ধ হয়ে মৃত্যুবরণ করেছেন। (ইন্না----- রাজেউন)

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন তাঁর মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন। তিনি এক শোক বার্তায় মরহুমের বিদেহী আত্মার মাগফেরাত ও শোক সন্তপ্ত পরিবার পরিজনের প্রতি সমবেদনা জানান।

সংবাদদাতা

মো. আবদুর রহিম

জনসংযোগ কর্মকর্তা